Total No. of Printed Pages—5

# 4 SEM TDC BNLH (CBCS) C 8

**2024**

( May/June )

BENGALI

( CORE )

Paper : C–8

( আধুনিক বাংলা কবিতা )

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

## প্রথম একক

( কবিতার রূপ-রীতি ও তাত্ত্বিক প্রেক্ষাপট )

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো ছয়টি) : ১×৬=৬

(ক) 'লিরিক' শব্দটির উদ্ভব প্রাচীন কোন্ যন্ত্র থেকে?

(খ) মধুসূদন দত্ত রচিত একটি পত্রকাব্যের নাম লেখো।

(গ) ইতালিতে কোন্ কবির হাত দিয়ে সনেটের জন্ম হয়?

(ঘ) 'প্যারডি'কে বাংলায় কী বলে?

(ঙ) কোন্ সাহিত্য থেকে ক্লাসিসিজম (classicism)-এর সূত্রপাত ?

(চ) কোন্ দেশ থেকে রোমান্টিক আন্দোলনের সূত্রপাত হয় ?

(ছ) বাংলা শোক-কাব্যের একটি দৃষ্টান্ত দাও ।

২। সংক্ষেপে লেখো (যে কোনো **তিনটি**) : ৪×৩=১২

(ক) গীতিকবিতা কাকে বলে ? উদাহরণসহ গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি লেখো ।

(খ) 'পত্রকাব্য' কাকে বলে ? উদাহরণসহ লেখো।

(গ) 'ক্লাসিসিজম' কাকে বলে ? ক্লাসিসিজমের স্বরূপ আলোচনা করো ।

(ঘ) 'শোক-কবিতা' (Elegy)র বিষয়ে আলোচনা করো ।

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) মহাকাব্য কাকে বলে এবং কত প্রকার ? সমগ্র বিশ্বে সর্বমোট কয়টি মৌলিক মহাকাব্য রয়েছে এবং কী কী ? মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো ।

(খ) সুররিয়ালিজিম্ (surrealism) কাকে বলে ? উদাহরণসহ সুররিয়ালিজিম্-এর স্বরূপ আলোচনা করো ।





## দ্বিতীয় একক

### ( কবি ও কাব্য )

৪। অতি সংক্ষেপে লেখো (যে কোনো **চারটি**) : ১×৪=৪

(ক) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়কে কোন্ কবির উত্তরসূরি বলা হয় ?

(খ) 'ত্রয়ী' মহাকাব্যটি কোন্ কবির রচনা ?

(গ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় রচিত একটি কাব্যের নাম লেখো ।

(ঘ) কামিনী রায় কোন্ শতাব্দীর কবি ?

(ঙ) 'দাদার চিঠি' কবিতাটির কবির নাম কী ?

৫। সংক্ষেপে লেখো (যে কোনো **একটি**) : ৫

(ক) 'দাদার চিঠি' কবিতাটির মধ্য দিয়ে দাদার যে চরিত্র প্রকাশ পেয়েছে তা বর্ণনা করো ।

(খ) কবি কামিনী রায়ের পরিচয় দিয়ে 'সুখ' কবিতাটি আলোচনা করো ।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) উনবিংশ শতাব্দীর এক বিস্ময়কর কবি নবীনচন্দ্র সেন রচিত 'মহানিষ্ক্রমণ' কবিতাটির মূল ভাব আলোচনা করো ।

(খ) 'জন্মভূমি' কবিতাটিকে দেশপ্রেমমূলক কবিতা বলা যায় কিনা, আলোচনা করো ।

## তৃতীয় একক
## ( মহাকাব্য )

৭। অতি সংক্ষেপে লেখো (যে কোনো ছয়টি) : ১×৬=৬

(ক) 'মেঘনাদবধ কাব্য' কত সালে প্রকাশিত হয়?

(খ) "কর জোড় করি
দাঁড়ায় সম্মুখে ভগ্নদূত, ধূসরিত
ধূলায়, শোণিতে আর্দ্র সর্ব্ব কলেবর।"

'ভগ্নদূত'-এর নাম কী?

(গ) মন্দোদরী কে?

(ঘ) "উচিত কি তব একাজ, নিকষা সতী তোমার জননী,"
—নিকষা কে?

(ঙ) 'মেঘনাদবধ কাব্য'-এর ষষ্ঠ সর্গটির নাম কী?

(চ) নাহি কাজ, মিত্রবর, সীতায় উদ্ধারি,
ফিরি যাই বনবাসে।"

বক্তা কে?

(ছ) বীরবাহুর মৃত্যুসংবাদ কে বহন করে নিয়ে এসেছিলেন?

৮। সংক্ষেপে লেখো (যে কোনো তিনটি) : ৪×৩=১২

(ক) বীরবাহুর জননীর নাম কী? সংক্ষেপে তাঁর চরিত্র বিশ্লেষণ করো।

(খ) 'মেঘনাদবধ কাব্য'-এ বিভীষণ চরিত্রটি বর্ণনা করো।





(গ) লক্ষ্মণ কীভাবে নিকুম্ভিলা যজ্ঞাগারে প্রবেশ করেছিলেন তার বর্ণনা দাও।

(ঘ) "কৌটা খুলি রক্ষোবধূ যত্নে দিলা ফোঁটা
সীমন্তে; সিন্দুর-বিন্দু শোভিল ললাটে,
গোধূলি-ললাটে, আহা! তারা রত্ন যথা।"

কে এই রক্ষোবধূ? কার ললাটে, কখন 'রক্ষোবধূ' সিন্দুর পরিয়ে দিল?

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গ অবলম্বনে রাবণ চরিত্রটি বর্ণনা করো।

(খ) ষষ্ঠ সর্গ অবলম্বনে লক্ষণ চরিত্রটি পরিস্ফুট করো।

★★★

Total No. of Printed Pages—4

## 4 SEM TDC BNLH (CBCS) C 9

**2024**

( May/June )

# BENGALI

( Core )

Paper : C–9

( বাংলা অনুবাদ সাহিত্য ও লোকসাহিত্য )

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

### প্রথম একক

১। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) অনুবাদের ধর্ম কী?

(খ) উৎস ভাষা বলতে কী বোঝ?

(গ) মধ্যযুগের একজন বাংলা অনুবাদকের নাম লেখ।

(ঘ) পদ্ধতিগত দিক থেকে অনুবাদচর্চার যে কোনো একটি পদ্ধতির উল্লেখ কর।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) আক্ষরিক অনুবাদ ও ভাবানুবাদের মধ্যে পার্থক্য কোথায়, সংক্ষেপে আলোচনা কর।

(খ) অনুবাদের প্রয়োজনীয়তা নিয়ে একটি টীকা প্রস্তুত কর।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) অনুবাদচর্চায় অনুবাদকের প্রতিবন্ধকতা বা সমস্যার জায়গাগুলি কোথায় তা আলোচনা কর।

(খ) কবিতার অনুবাদ বলতে কী বোঝ? আক্ষরিক অনুবাদের সঙ্গে এই অনুবাদের পার্থক্য দেখিয়ে কবিতার অনুবাদের প্রকরণগত দুটি কৌশলের উল্লেখ কর।

## দ্বিতীয় একক

৪। এককথায় উত্তর দাও : ১×৬=৬

(ক) কোন্ দেবীকে উপলক্ষ্য করে টুসু গান গাওয়া হয়?

(খ) বৃত্তিমূলক লোকসংগীতের একটি উদাহরণ দাও।

(গ) 'গম্ভীরা' কোন্ অঞ্চলের গান?

(ঘ) 'ঠাকুরমার ঝুলি'র রূপকথাগুলির সংগ্রাহক কে?

(ঙ) "অজিত কুসুম দুই ভাই গলাগলি।" 'নীলকমল আর লালকমল' রূপকথায় উল্লিখিত এই অজিত কে?

(চ) ঝুমুর গানের একটি বৈশিষ্ট্য উল্লেখ কর।





৫। টীকা লেখ (যে কোনো তিনটি) : ৪×৩=১২

বাউলগান; টুসু; ধাঁধা; গীতিকা; লোককথা।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) লোকসাহিত্য বলতে কী বোঝ? লোকসাহিত্যের বিভিন্ন ধারাগুলির রূপ-রীতি নিয়ে একটি আলোচনা প্রস্তুত কর।

(খ) 'ঠাকুরমার ঝুলি'র অনুসরণে 'নীলকমল আর লালকমল' গল্পের বর্ণনা দাও।

## তৃতীয় একক

৭। এককথায় উত্তর দাও : ১×৬=৬

(ক) লোকসংস্কৃতির ভিত্তিভূমি কী?

(খ) বাংলার অতিপরিচিত একজন লোকসাহিত্যিকের নাম লেখ।

(গ) কোন্ সংস্কৃত শব্দ থেকে 'ছড়া' শব্দটি এসেছে বলে মনে করেন লোকসাহিত্যিকরা?

(ঘ) 'প্রবাদ'-এর একটি বৈশিষ্ট্য লেখ।

(ঙ) "এগিয়ে দিয়ে দক্ষিণ পা
যথা ইচ্ছা তথা যা।"
কীসের উদাহরণ?

(চ) লোকবিশ্বাসের একটি উদাহরণ দাও।

৮। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) বাংলা ছড়া নিয়ে একটি টীকা প্রস্তুত কর।

(খ) 'মিথ' শব্দটির বাংলা আভিধানিক অর্থ কী? লোকসাহিত্যে এই মিথের ব্যবহার সম্পর্কে কিছুকথা তুলে ধর।

(গ) লোকসাহিত্যের ক্ষেত্রে লোকভাষার গুরুত্ব কতটুকু, সংক্ষেপে আলোচনা কর।

(ঘ) লোকাচারের কয়েকটি বৈশিষ্ট্য সম্পর্কে মতামত প্রকাশ কর।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) লোক-উৎসব কী? বাংলার লোক-উৎসবগুলির স্থান নির্দেশপূর্বক তাদের বৈশিষ্ট্যগুলি নিয়ে একটি আলোচনা প্রস্তুত কর।

(খ) প্রবাদ কী? বাংলা প্রবাদ ও প্রবচনের মধ্যে কী কোনো পার্থক্য আছে? বাংলা প্রচলিত প্রবাদগুলির স্বরূপ নিয়ে মতামত তুলে ধর।

★★★

**4 SEM TDC BNLH (CBCS) C 10**

**2024**

( May/June )

BENGALI

( Core )

Paper : C–10

**( অ্যারিস্টটলের পোয়েটিক্স ও বাংলা নাটক )**

*Full Marks : 80*
*Pass Marks : 32*

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

## ক—বিভাগ

**( অ্যারিস্টটলের পোয়েটিক্স )**

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ট্র্যাজেডির উদ্ভবের ইতিহাসসহ সংজ্ঞা দাও। ট্র্যাজেডির সাধারণ লক্ষণ বা স্বরূপ আলোচনা কর।

(খ) কমেডির সংজ্ঞা দাও। উদাহরণসহ কমেডির বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।

(গ) ট্র্যাজেডি ও কমেডির মধ্যে পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা কর।

২। সংক্ষেপে লেখ/উত্তর দাও (যে কোনো একটি) : ৫

(ক) কমেডির শ্রেণীবিভাগ

(খ) নাটকের ঐতিহ্যে 'ট্র্যাজেডি'র গুরুত্বের কারণগুলি উল্লেখ কর।

৩। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ১×৫=৫

(ক) অ্যারিস্টটল ট্র্যাজেডির কোন্ উপাদানকে সর্বাধিক গুরুত্ব দিয়েছেন?

(খ) কমেডির উদ্ভব কোন্ দেশে?

(গ) কোমাস কী?

(ঘ) বাংলা সাহিত্যে প্রথম ট্র্যাজেডি নাটকের নাম কী?

(ঙ) ডায়নিসাস (Dyonysus) কোন্ বা কীসের উৎপাদন বিদ্যার দেবতা ছিলেন?

(চ) দীনবন্ধু মিত্রের অপর একটি কমেডি নাটকের নাম লেখ।

## খ—বিভাগ

### ( নাটক—কৃষ্ণকুমারী )

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'কৃষ্ণকুমারী' নাটকে প্রাচ্য ও পাশ্চাত্যের প্রভাব আলোচনা কর।

(খ) 'কৃষ্ণকুমারী' নাটকের নায়িকা কে? তার চরিত্রের বৈশিষ্ট্যগুলি বিশ্লেষণ কর।





(গ) 'কৃষ্ণকুমারী' নাটকে একটি উপকাহিনী রয়েছে—ধনদাস, বিলাসবতী ও মদনিকা। এই চরিত্রগুলি গৌণ হলেও 'কৃষ্ণকুমারী' নাটকে ঘটনাপ্রবাহে জটিল আবর্ত সৃষ্টি করে গতিবেগ সঞ্চারিত করেছে—আলোচনা কর।

৫। সংক্ষেপে লেখ (যে কোনো একটি) : ৫

(ক) ভীমসিংহ চরিত্র

(খ) 'কৃষ্ণকুমারী' নাটকে অতিপ্রাকৃতের ব্যবহার

৬। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ১×৫=৫

(ক) 'কৃষ্ণকুমারী' নাটকে মোট কয়টি অঙ্ক রয়েছে?

(খ) 'কৃষ্ণকুমারী' নাটকটি নাট্যকার কাকে উৎসর্গ করেছেন?

(গ) উদয়পুরের রাজদুহিতার নাম কী?

(ঘ) 'কৃষ্ণকুমারী' নাটকে জগৎসিংহের মন্ত্রীর নাম কী?

(ঙ) "মহারাজ, আমার এ কোকিলটি এ বনস্থলী ছেড়ে গেলে কি আর আমি বাঁচবো।" সংলাপটি কার?

(চ) ভীমসিংহ কোথাকার রাজা ছিলেন?

## গ—বিভাগ

### ( প্রহসন—জামাই বারিক )

৭। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) দীনবন্ধু মিত্রের 'জামাই বারিক' প্রহসনটির সার্থকতা বিচার কর।

(খ) "দীনবন্ধু মিত্রের অমর সৃষ্টি পদ্মলোচন চরিত্রটি।" এই চরিত্রটি 'জামাই বারিক' প্রহসনে যে প্রয়োজন সিদ্ধ করেছে তা আলোচনা কর্।

৮। সংক্ষেপে লেখ (যে কোনো একটি) : ৫

(ক) মাধব বৈরাগী

(খ) অভয়কুমার

৯। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ১×৫=৫

(ক) 'জামাই বারিক' প্রহসনটি কত সালে প্রকাশিত হয়?

(খ) 'জামাই বারিক' প্রহসনে জমিদারের নাম কী?

(গ) কামিনী কার স্ত্রী?

(ঘ) পদ্মলোচনের প্রথম স্ত্রীর নাম কী?

(ঙ) অভয়কুমারের প্রতিবেশী কে ছিলেন?

(চ) ভবি ময়রাণী কে?

★ ★ ★